অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 1/17/2019 **গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো**

গভর্নর কুওমো ঘোষণা করলেন যে 2019 নির্বাহী বাজেটে গ্রিন নিউ ডিল (GREEN NEW DEAL) অন্তর্ভুক্ত হবে

জাতির শীর্ষস্থানীয় পরিষ্কার শক্তি এবং কর্মসংস্থান এজেন্ডা নিউ ইয়র্ককে কার্বন নিরপেক্ষতার পথে নিয়ে যাবে

2040 সালের মধ্যে 100 শতাংশ পরিষ্কার শক্তি আবশ্যক করে এবং নিউ ইয়র্ককে কার্বন নিরপেক্ষ করার রোডম্যাপ তৈরির জন্য নতুন ক্লাইমেট অ্যাকশন কাউন্সিলকে (New Climate Action Council) আইন হিসেবে প্রণয়ন করে

পরিষ্কার শক্তিতে একটি ন্যায্য রূপান্তর নিশ্চিত করে - সবুজ অর্থনীতির বিকাশকে ত্বরান্বিত করে এবং নিম্ন ও মধ্য আয়ের নিউ ইয়র্কবাসীকে অগ্রাধিকার প্রদান করে

আপস্টেটে 20টি বড়-আকারের নবায়নযোগ্য শক্তি প্রকল্পের জন্য 1.5 বিলিয়ন মার্কিন ডলার বিনিয়োগ করে এবং নিউ ইয়র্ককে জাতির উপকূলবর্তী বায়ু হাব বানাতে বন্দর পরিকাঠামোর জন্য 200 মিলিয়ন মার্কিন ডলার পর্যন্ত বিনিয়োগ করে

গভর্নরের পরিবেশগত রেকর্ডের উপর সংযোজন, যেখানে ফ্র্যাকিং নিষিদ্ধ, কয়লা শক্তি শেষ করা, নবায়নযোগ্য শক্তির ও ইউনাইটেড স্টেটস ক্লাইমেট অ্যালায়েন (U.S. Climate Alliance) গঠনের জন্য নজিরবিহীন বিনিয়োগ অন্তর্ভুক্ত।

গভর্নর কুওমোর প্রস্তাব ঘোষণার ভিডিও দেখুন এখানে

গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো আজকে 2019 নির্বাহী বাজেটে (2019 Executive Budget) গ্রিন নিউ ডিল অন্তর্ভুক্ত হবে এই ঘোষণা করলেন, চুক্তিটি হল জাতীয় শীর্ষস্থানীয় পরিষ্কার শক্তি এবং কর্মসংস্থান এজেন্ডা যা আগ্রাসীভাবে নিউ ইয়র্ক স্টেটকে কার্বন নিরপেক্ষ বিস্তৃত-অর্থনীতির পথে নিয়ে যাবে। ল্যান্ডমার্ক পরিকল্পনাটি সবুজ অর্থনীতির বিকাশ ত্বরান্বিতকারী পরিষ্কার শক্তিতে ন্যায্য রূপান্তরের ব্যবস্থা করে এবং নিউ ইয়র্কের নিম্ন ও মধ্য আয়ের মানুষকে অগ্রাধিকার প্রদান করে। গভর্নরের এই প্রস্তাবটি ঘোষণা করার ভিডিও YouTube এএখানে এবং TV মানের (h.264, mp4) ফরম্যাটে এখানে পাওয়া যাচ্ছে|

"জলবায়ু পরিবর্তন একটি বাস্তবতা, এবং এই ক্ষেত্রে বিলম্ব জীবন-মৃত্যুকে প্রভাবিত করবে। আমরা জানি আমাদের কী করতে হবে। এখন আমাদের সেটি করার দূরদর্শিতা, সাহস এবং পারদর্শিতা থাকতে হবে", **গভর্নর কুওমো বলেন।** "যখন ফেডারেল সরকার নির্লজ্জভাবে জলবায়ু পরিবর্তনের সত্যতাকে অস্বীকার করছে এবং

অর্থবহ পদক্ষেপ নিতে ব্যর্থ হচ্ছে, আমরা আমাদের দেশের-মধ্যে-প্রথম গ্রিন নিউ ডিল শুরু করছি যাতে পরিচ্ছন্ন শক্তির অর্থনীতির সুযোগ নেওয়া যায়, দেশের কার্বন বিহীন শক্তির সবচেয়ে উচ্চাভিলাষী লক্ষ্য নির্ণয় এবং পরিণামে আমাদের কার্বন ফুটপ্রিন্ট সম্পূর্ণরূপে দূর করা যায়।"

গভর্নর কুওমোর প্রথম দুই টার্মের সময়ে, নিউ ইয়র্ক প্রাকৃতিক গ্যাসের ফ্র্যাকিং করা নিষিদ্ধ করে, 2020 সাল নাগাদ কয়লা শক্তি ব্যবহার ধীরে ধীরে কমিয়ে এনে বন্ধ করে দেওয়ার প্রতিশ্রুতি দেয়, 2030 সাল নাগাদ 50 শতাংশ নবায়নযোগ্য শক্তি ব্যবহারের আইন প্রণয়ন করে এবং প্যারিস চুক্তি মেনে চলার জন্য ইউনাইটেড স্টেটস ক্লাইমেট অ্যালায়েন্স (U.S. Climate Alliance) প্রতিষ্ঠা করে। শক্তি দূরদর্শিতা সংস্কার (Reforming the Energy Vision, REV) এজেন্ডা অনুযায়ী, নিউ ইয়র্ক মার্কিন যুক্তরাষ্ট্রের ইতিহাসে সবচেয়ে বেশি নবায়নযোগ্য শক্তি আহরণ করেছে, সৌর শক্তি ব্যবহার প্রায় 1,500 শতাংশ বৃদ্ধি পেয়েছে, এবং অফশোর বায়ু শক্তি স্টেটের বিদ্যুৎ সরবরাহকে আরও পরিচ্ছন্ন এবং টেকসই করে তুলবে। গভর্নর কুওমোর গ্রিন নিউ ডিলের মাধ্যমে, নিউ ইয়র্ক একটি পরিষ্কার শক্তি ভবিষ্যতের দিকে সাহসী পদক্ষেপ নেবে যা প্রজন্মের পর প্রজন্ম ধরে পরিবেশকে রক্ষা করবে এবং পরিষ্কার শক্তি অর্থনীতিকে জোরদার করবে।

দেশের প্রথম নবায়নযোগ্য শক্তি আদেশের মাধ্যমে 2040 সাল নাগাদ 100 শতাংশ পরিষ্কার শক্তি

গ্রিন নিউ ডিল সংবিধিবদ্ধ করে যে 2040 সাল নাগাদ নিউ ইয়র্কের শক্তি 100 শতাংশ কারবন-মুক্ত হবে, যা মার্কিন যুক্তরাষ্ট্রের সবচেয়ে আগ্রাসী লক্ষ্য এবং সাম্প্রতিক কালে ক্যালিফোর্নিয়ার নেয়া লক্ষ্যের চেয়ে ৫ বছর এগিয়ে। এই নতুন আদেশের ভিত্তি হল নাগাদ নিউ ইয়র্কের সফল পরিষ্কার শক্তি মান (Clean Energy Standard) যা 2030 সাল নাগাদ 50 শতাংশ থেকে 70 শতাংশে উন্নীত হবে। বৈশ্বিকভাবে নজিরবিহীন এই নবায়নযোগ্য শক্তি বৃদ্ধির মধ্যে অন্তর্ভুক্ত হবেঃ

- নিউ ইয়র্কের অফশোর বায়ু শক্তিকে চার গুণ করে 2035 সাল নাগাদ 9,000 মেগাওয়াটে বৃদ্ধি করা, যা 2030 সাল নাগাদ 2,400 মেগাওয়াট হওয়ার পূর্ব লক্ষ্য ছিল
- সৌর শক্তির বিতরণ দ্বিগুণ করে 2025 সালের মধ্যে 6,000 মেগাওয়াটে বৃদ্ধি করা, যা 2023 সাল নাগাদ 3,000 মেগাওয়াট হওয়ার পূর্ব লক্ষ্য ছিল
- পরিষ্কার শক্তি মান ব্যবহার করে বৃহৎ পরিসরে ভূমি ভিত্তিক বায়ু এবং সৌর উৎসগুলিকে দ্বিগুণের বেশি করা
- নিউ ইয়র্কের বিদ্যমান নবায়নযোগ্য শক্তির উৎসগুলির অবদান এবং সম্ভাবনাকে সর্বাধিক ব্যবহার করা
- 2030 সাল নাগাদ শক্তি স্টোরেজ 3,000 মেগাওয়াটে উন্নীত করা, যা 2025 সাল নাগাদ 1,500 মেগাওয়াট হওয়ার পূর্ব লক্ষ্য ছিল

নিউ ইয়র্ককে কার্বন নিরপেক্ষ করার জন্য একটি বাস্তবায়ন পরিকল্পনা তৈরি

গ্রিন নিউ ডিল স্টেটের প্রথম সংবিধিবদ্ধ ক্লাইমেট অ্যাকশন কাউন্সিল (Climate Action Council) তৈরি করবে যাতে প্রাসঙ্গিক স্টেট এজেন্সি এবং অন্যান্য ওয়ার্কফোর্সের প্রধানগণ, পরিবেশ ন্যায়বিচার এবং পরিষ্কার শক্তি বিশেষজ্ঞগণ থাকবেন যারা উল্লেখযোগ্যভাবে এবং কম খরচে সব প্রধান উৎস – বিদ্যুৎ, পরিবহন, নির্মাণ, ইন্ডাস্ট্রি, বাণিজ্যিক কার্যক্রম এবং কৃষি থেকে কার্বন নির্গমন কমিয়ে আনার মাধ্যমে নিউ ইয়র্কে কার্বন নিরপেক্ষ করার জন্য একটি সর্বাঙ্গীণ পরিকল্পনা তৈরি করবেন। ক্লাইমেট অ্যাকশন কাউন্সিল অনেকগুলি সম্ভাব্য

বিকল্প বিবেচনা করবেন যার মধ্যে অন্তর্ভুক্ত, ইউনাইটেড স্টেটস ক্লাইমেট অ্যালায়েন্সের সাথে কাজ করে একটি নতুন একাধিক স্টেট, কার্বন নির্গমন কমিয়ে আনার প্রকল্প তৈরি করা লাভজনক কিনা যা অর্থনীতির সব সেক্টরকে অন্তর্ভুক্ত করে – পরিবহন এবং ইন্ডাস্ট্রি, এবং সফল রিজিওনাল গ্রিনহাউজ গ্যাস ইনিশিয়েটিভকে (Regional Greenhouse Gas Initiative) ব্যবহার করে পরিষ্কার শক্তি অর্থনীতিতে রূপান্তরযোগ্য বিনিয়োগ আকর্ষণ এবং সঠিক রূপান্তর করা যায় কিনা।

গ্রিন নিউ ডিলে স্টেটব্যাপী নিউ ইয়র্কের সব নির্মাণ উপকরণকে কার্বন নিরপেক্ষ করার উচ্চাভিলাষী পরিকল্পনাও রয়েছে। এজেন্ডার মধ্যে রয়েছেঃ

- ভবন শক্তি ব্যবহার কোডকে (building energy codes) শক্তিশালী করা এবং যন্ত্রপাতির কার্যকারিতার মান প্রতিষ্ঠায় বিধিবিধান পরিবর্তন অগ্রসর করা
- স্টেট এজেন্সি গুলির ভবনগুলি যেন সর্বোচ্চ শক্তি কার্যকারিতা এবং টেকসইতা মান মেনে চলে তা নিশ্চিত করতে তাদের নির্দেশ প্রদান
- একটি নেট জিরো রোডম্যাপ (Net Zero Roadmap) তৈরি যা স্টেটব্যাপী ভবনসমূহে কার্বন নিরপেক্ষ হওয়ার একটি পথ নির্দেশনা প্রদান করবে

পরিষ্কার প্রযুক্তি অর্থনীতিতে একটি বহু বিলিয়ন মার্কিন ডলার মূল্যের গ্রিন নিউ ডিল বিনিয়োগ যা গ্রিনহাউজ গ্যাস নির্গমন কমাবে

জাতীয় সর্বাপেক্ষা উচ্চাকাঙ্ক্ষী পরিষ্কার শক্তি এজেন্ডা বাস্তবায়নে এবং উচ্চমানের পরিষ্কার শক্তি কর্মসংস্থান সৃষ্টিতে নিউ ইয়র্কের তাৎক্ষণিক অঙ্গীকার প্রদর্শন করতে, গভর্নর কুওমো আপস্টেট নিউ ইয়র্কে 20টি বড়-আকারের সৌর, বায়ু এবং শক্তি সংরক্ষণ প্রকল্প সমর্থনে প্রতিযোগিতামূলক পুরস্কার হিসেবে 1.5 বিলিয়ন ডলার ঘোষণা করেন। এইসব বিনিয়োগ আরো 1,650 মেগাওয়াটের বেশি ধারণক্ষমতা যোগ করবে এবং বার্ষিক 3,800,000 মেগাওয়াট-ঘন্টার বেশি নবায়নযোগ্য শক্তি উৎপাদন করবে - যা প্রায় 550,000 বাড়ির জন্য যথেষ্ট শক্তি এবং এটি 2,600 এর বেশি স্বল্প ও দীর্ঘমেয়াদি কর্মসংস্থান সৃষ্টি করে। পরিষ্কার শক্তি মানদণ্ডের (Clean Energy Standard) অধীনে পূর্বে ঘোষিত নবায়নযোগ্য শক্তি প্রকল্পের সাথে যোগ করে, নিউ ইয়র্ক এখন পুরো স্টেটে 46টি প্রকল্পে 2.9 বিলিয়ন মার্কিন ডলারের বেশি অর্থ প্রদান করেছেন, যা এক মিলিয়ন বাড়ির জন্য যথেষ্ট শক্তি উৎপাদন করে।

এছাড়াও গ্রিন নিউ ডিলতে নিউ ইয়র্কের উপকূলবর্তী বায়ু শক্তি শিল্প শুরুর জন্য এবং 2035 সালের মধ্যে 9,000 মেগাওয়াট উৎপাদনের স্টেটের বিশ্বের সর্বোচ্চ লক্ষ্য সমর্থনেও বিনিয়োগ করবে। নিউ ইয়র্ক বন্দর পরিকাঠামোতে 200 মিলিয়ন মার্কিন ডলার বিনিয়োগ করবে উপকূলবর্তী বায়ুর রিজিওনাল বিকাশে বেসরকারি খাতের বিনিয়োগের সাথে মিল রাখার জন্য। এই বহু-অবস্থান বিনিয়োগটি উপকূলবর্তী বায়ুর প্রতি জাতির সর্ববৃহৎ পরিকাঠামো অঙ্গীকারের প্রতিনিধিত্ব করে এবং মার্কিন উঠতি উপকূলবর্তী বায়ু শিল্পের হাব হিসেবে নিউ ইয়র্কের অবস্থান আরো পাকাপোক্ত করে।

নতুন এইসব বিনিয়োগ নিউ ইয়র্ক পাওয়ার অথোরিটির (New York Power Authority) ইভলভ প্রোগ্রামের (EVolve program) বৈদ্যুতিক যান পরিকাঠামো অঙ্গীকারের জন্য 250 মিলিয়ন মার্কিন ডলার অঙ্গীকার, NYSERDA-এর নিউ ইয়র্ক সান প্রোগ্রাম (NY-Sun program) দ্বারা পরিচালিত সৌর বন্টন প্রকল্পে 3.5 বিলিয়ন মার্কিন ডলার বিনিয়োগ, এবং নিউ ইয়র্ক গ্রিন ব্যাংক (NY Green Bank) লেনদেন পরিচ্ছন্ন শক্তি প্রকল্পের জন্য প্রায় 1.75 বিলিয়ন মার্কিন ডলার বিনিয়োগের সাথে সংযোজিত হবে।

পরিষ্কার শক্তি অর্থনীতিতে ন্যায্য রূপান্তর

বঞ্চিত কমিউনিটিসমূহকে জলবায়ু ন্যায়বিচার প্রদান করাঃ গ্রিন নিউ ডিলটি ঐতিহাসিকভাবে বঞ্চিত কমিউনিটিগুলিকে পরিষ্কার শক্তির ভবিষ্যতের জন্য তৈরি করবে এবং জলবায়ু পরিবর্তনের সাথে থাপ খাইয়ে নিতে সাহায্য করবে এভাবেঃ

- পরিবেশগত ন্যায়বিচার ও ন্যায্য রূপান্তর কার্যকরী গ্রুপকে আইনে কোডিফাই করা এবং গ্রিন নিউ ডিলের বাস্তবায়নের পরিকল্পনা প্রক্রিয়ার এটিকে সংযুক্ত করার মাধ্যমে কমিউনিটিসমূহকে একটি আসন প্রদান করা।
- স্টেটের নিম্ন-আয় শক্তি টাস্কফোর্সকে বঞ্চিত কমিউনিটির জন্য সাশ্রয়ী শক্তির লক্ষ্য তহবিল ও উদ্যোগের প্রভাব বৃদ্ধি করতে প্রতি বছর সম্প্রসারিত করা জন শক্তি তহবিলের আরো ভালো প্রভাব অর্জন করার জন্য সংশোধন সনাক্ত করার নির্দেশ প্রদান।
- স্টেটের দশটি রিজিওনাল অর্থনৈতিক বিকাশ পরিষদকে (Regional Economic Development Councils) তাদের রিজিওনের জন্য ন্যায্য পরিবেশ কৌশল বিকাশ করতে নির্দেশ।

কমিউনিটিগুলিকে পরিচ্ছন্ন শক্তি অর্থনীতিতে রূপান্তরিত হতে সাহায্য করতে একটি সম্পত্তি কর ক্ষতিপূরণ তহবিল অর্থায়ন করাঃ গভর্নর কুওমো আইন নিয়ে আসছেন যা অপরিষ্কার ও সেকেলে শক্তি শিল্প থেকে নতুন পরিষ্কার শক্তি অর্থনীতিতে রূপান্তরের ফলে সরাসরি প্রভাবিত কমিউনিটিসমূহকে সহায়তা করার জন্য স্টেটের 70 মিলিয়ন মার্কিন ডলার সম্পত্তি কর ক্ষতিপূরণ (Property Tax Compensation) তহবিল অর্থায়ন করবে। বিশেষ করে, গতানুগতিক শক্তি উৎপাদন ফ্যাসিলিটি বন্ধ হয়ে গেলে যেইসব কমিউনিটি প্রভাবিত হবে তাদের সুরক্ষিত করার জন্য এই তহবিল।

শ্রমিক অধিকার সুরক্ষা করাঃ উচ্চমানের পরিষ্কার শক্তি কর্মসংস্থান তৈরি নিশ্চিত করতে, গ্রিন নিউ ডিলের দ্বারা সমর্থিত বড় আকারের নবায়নযোগ্য শক্তি প্রকল্পে বিদ্যমান বেতন আবশ্যক হবে, এবং স্টেটের উপকূলবর্তী বায়ু প্রকল্পগুলি একটি প্রকল্প শ্রমিক চুক্তির (Project Labor Agreement) আবশ্যকতা দ্বারা সমর্থিত হবে।

পরিষ্কার প্রযুক্তির কর্মশক্তি তৈরি করাঃ নিউ ইয়র্কের কর্মশক্তিকে এই রূপান্তরের জন্য প্রস্তুত করতে, নিউ ইয়র্ক স্টেট কর্মশক্তি বিকাশ সমর্থনে নতুন পদক্ষেপ নিবে, যার মধ্যে থাকবে নিউ ইয়র্ক স্টেট উপকূলবর্তী বায়ু অর্থনৈতিক ও কর্মশক্তি বিকাশের উপদেষ্টা পরিষদ (New York State Advisory Council on Offshore Wind Economic and Workforce Development), এবং এর সাথে একটি উপকূলবর্তী বায়ু প্রশিক্ষণ কেন্দ্রে বিনিয়োগ করা হবে যা নিউ ইয়র্কে এই পরিচ্ছন্ন শক্তি প্রযুক্তি নির্মাণ করতে প্রয়োজনীয় দক্ষতা ও নিরাপত্তা প্রশিক্ষণ নিউ ইয়র্কবাসীদের প্রদান করবে।

নিউ ইয়র্ক স্টেটের এনার্জি অ্যান্ড ফিন্যান্স সভাপতি (New York State Chairman of Energy and Finance) রিচার্ড কফম্যান বলেন, "গভর্নর কুওমোর গ্রিন নিউ ডিল নিউ ইয়র্ককে পরিষ্কার শক্তি ভবিষ্যতের দিকে আরো অগ্রসর করবে, এবং আমরা ট্রাম্প প্রশাসনকে আমাদের পেছনে ঠেলতে দিবো না। নিউ ইয়র্ক দ্বিধাহীনভাবে জাতির পরিষ্কার শক্তি ও জলবায়ু নেতা এটি নিশ্চিত করবে গভর্নর কুওমোর নতুন

অঙ্গীকার এবং আমরা আগামী প্রজন্মের নিউ ইয়র্কবাসীর জন্য একটি টেকসই অর্থনীতি ও স্বাস্থ্যকর পরিবেশ অর্জনের জন্য REV এজেন্ডার ভিতর উপর আরো সংযোজন করতে থাকবো।"

অ্যালিসিয়া বার্টন, প্রেসিডেন্ট ও সিইও, NYSERDA, বলেছেন, "জলবায়ু বিজ্ঞানীরা এটি খুব ভালো ভাবেই স্পষ্ট করে দিয়েছেন যে জলবায়ু পরিবর্তনের সর্বাপেক্ষা খারাপ প্রভাবগুলি থেকে বাঁচতে হলে সাহসী পদক্ষেপ প্রয়োজন, ক্রমবর্ধমান ধাপ নয়, এবং গভর্নর কুওমোর গ্রিন নিউ ডিল খুব সাহসীভাবে সেই জায়গায় যায় যেখানে আগে কেউ যায়নি। তার অবিচল জলবায়ু এজেন্ডাতে রয়েছে মার্কিন ইতিহাসের সর্বাপেক্ষা আগ্রাসী পরিষ্কার শক্তি লক্ষ্য, নবায়নযোগ্য শক্তির প্রতি সর্ববৃহৎ অঙ্গীকার, পরিচ্ছন্ন শক্তি কর্মসংস্থানের বিশাল মোবিলাইজেশন এবং উপকূলবর্তী বায়ু বন্দর পরিকাঠামোতে এক নজিরহীন বিনিয়োগ। একসাথে নেওয়া এই পদক্ষেপগুলি নিউ ইয়র্ককে জলবায়ু পরিবর্তনের বিরুদ্ধে লড়াইয়ে স্পষ্টভাবে জাতীয় নেতার আসন প্রদান করবে, এবং বিশ্বকে দেখাবে যে ভবিষ্যৎ প্রজন্মের জন্য নিউ ইয়র্ক একটি পরিষ্কার শক্তির ভবিষ্যৎ তৈরি করতে পারে এবং করবে।"

ডিপার্টমেন্ট অব এনভায়রনমেন্টাল কনজার্ভেশন (Department of Environmental Conservation, DEC) কমিশনার বেসিল সেগোস বলেন, "জলবায়ু পরিবর্তনের এই হুমকি নিউ ইয়র্ককে করব নিরপেক্ষ করার জন্য গভর্নর কুওমোর কম্প্রিহেন্সিভ এজেন্ডার মতো সাহসী পদক্ষেপের দাবি করে। গ্রিন নিউ ডিলটি নিশ্চিত করে যে পরিষ্কার শক্তি অর্থনীতির অর্থনৈতিক সম্ভাবনা কাজে লাগাতে নিউ ইয়র্কের চেষ্টাই এখনো জাতির মধ্যে শীর্ষস্থানীয়, একইসাথে এটি নিশ্চিত করা হচ্ছে যে জলবায়ু পরিবর্তনের ফলে যারা সর্বাধিক শঙ্কায় রয়েছে তারা যেন স্টেটের চেষ্টা ও বিনিয়োগের কল্যাণ লাভ করে। আমাদের অর্থনীতির সকল ক্ষেত্র থেকে গ্রিনহাউজ গ্যাস নির্গমন হ্রাসের জন্য অর্থপূর্ণ সমাধান তৈরি ও বাস্তবায়নের জন্য আমার এজেন্সি এবং ক্লাইমেট অ্যাকশন কাউন্সিলের মতো কর্তৃপক্ষ অংশীদারের সাথে কাজ করার জন্য আমি উন্মুখ হয়ে আছি।"

জনসেবা অধিদপ্তরের (Department of Public Service) সিইও জন বি. রোডস বলেন, "জাতির শীর্ষস্থানীয় এই গ্রিন নিউ ডিলর মাধ্যমে, গভর্নর কুওমো নিউ ইয়র্ককে একটি সম্পূর্ণ পরিষ্কার বিদ্যুৎ এবং কার্বন নিরপেক্ষতা এবং দেশের সর্বাপেক্ষা শক্তিশালী নবায়নযোগ্য শক্তি পরিকল্পনার পথে নিয়ে গেলেন। এর ফলে নিউ ইয়র্ক এমন একটি শক্তি সিস্টেম পাবে যা তার প্রাপ্য - সাশ্রয়ী মূল্যের, বিশ্বাসযোগ্য এবং 100% পরিষ্কার।"

###

অতিরিক্ত তথ্য পেতে দেখুন www.governor.ny.gov
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন